দৈনিক ইত্তেফাক

176

তারিখ 25 NOV 1996
পৃঃ ১ কলাম ৪

# ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ বজায় রাখিতে ঐকমত্য

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। গতকাল (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির সভাপতিত্বে অনুষ্ঠিত পরিবেশ পরিষদের এক সভায় বিভিন্ন ছাত্র সংগঠনের ছাত্রনেতৃবৃন্দ ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখিতে ঐকমত্যে পৌঁছিয়াছেন। ভিসি ভবনে অনুষ্ঠিত এই সভায় বিশ্ববিদ্যালয়ন ক্যাম্পাস ও হলসমূহের বর্তমান সার্বিক পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। বিভিন্ন হলের প্রভোষ্ট তাহাদের বক্তৃতায় নিজ নিজ হলের পরিস্থিতি সন্তোষজনক বলিয়া উল্লেখ করেন। সভায় ভিসি প্রফেসর এ, কে, আজাদ চৌধুরী বলেন, বিশ্ববিদ্যালয় কোন বিশেষ দল বা গোষ্ঠীর নয়। বিশ্ব-

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে

(১ম পৃঃ পর)

বিদ্যালয় সমগ্র জাতির। তিনি দলমতের উর্ধ্বে থাকিয়া বিশ্ববিদ্যালয়ে নিরপেক্ষ, স্বচ্ছ, সন্ত্রাসমুক্ত ও সুষ্ঠু পরিবেশ নিশ্চিত রাখার অঙ্গীকার ব্যক্ত করেন। সভায় প্রক্টর ডঃ নূর-উন-নবী, ছাত্রলীগ (শা-পা) সভাপতি এনামুল হক শামীম, সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না, ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি শহীদ-উদ্দিন চৌধুরী এ্যনি, সাধারণ সম্পাদক হাবিবুন নবী খান সোহেল, কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্র ঐক্যের জিয়াউল হক জিয়া, হাসান হাফিজুর রহমান সোহেল, সমীর মিত্র প্রমুখ বক্তব্য রাখেন।